# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৯৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার মুসলিম ভাইকে পরিপূর্ণভাবে সালাম দেয়, তার জন্য সাওয়াব লিপিবদ্ধকরণ

ذِكْرُ كِتْبَةِ الْحَسَنَاتِ لِمَنْ سلَّم عَلَى أَخِيهِ المسلم بتمامه

---

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثنا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْبُخَارِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللَّهِ الْأُوَيْسِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ ـ يَعْنِي ابْنَ أَبِي كَثِيرٍ ـ عَنْ يَعْقُوبَ بْنِ زَيْدٍ التَّيْمِيِّ عَنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ: عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَجُلًا مرَّ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم وَهُوَ فِي مَجْلِسٍ فقَالَ: سَلَامٌ عَلَيْكُمْ فقَالَ: (عَشْرُ حَسَنَاتٍ) ثُمَّ مَرَّ رَجُلٌ آخَرَ فقَالَ: سَلَامٌ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ فقَالَ: (عِشْرُونَ حَسَنَةً) فَمَرَّ رَجُلٌ آخَرَ فقَالَ: سَلَامٌ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ فقَالَ: (ثَلَاثُونَ حَسَنَةً) فَقَامَ رَجُلٌ مِنَ الْمَجْلِسِ وَلَمْ يُسَلِّمْ فقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا أَوْشَكَ مَا نَسِيَ صَاحِبُكُمْ! إِذَا جَاءَ أَحَدُكُمْ إِلَى الْمَجْلِسِ فَلْيُسَلِّمْ فَإِنْ بَدَا لَهُ أَنْ يَجْلِسَ فَلْيَجْلِسْ فَإِنْ قَامَ فَلْيُسَلِّمْ فَلَيْسَتِ الْأُولَى بِأَحَقَّ مِنَ الْآخِرَةِ.)

الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 493 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৪৯৩. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি মাজলিসে ছিলেন, এমন সময় এক ব্যক্তি তাঁর পাশ দিয়ে অতিক্রম করেন এবং বলেন: “সালামুন ‘আলাইকুম (আপনাদের উপর শান্তি বর্ষিত হোক)।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “(সে) দশটি সাওয়াব (পেলো)।” তারপর আরেকজন ব্যক্তি তাঁর পাশ দিয়ে অতিক্রম করেন এবং বলেন: “সালামুন ‘আলাইকুম ওয়া রহমাতুল্লাহ (আপনাদের উপর শান্তি ও আল্লাহর রহমত বর্ষিত হোক)।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “(সে) বিশটি সাওয়াব (পেলো)।” তারপর আরেকজন ব্যক্তি তাঁর পাশ দিয়ে অতিক্রম করেন এবং বলেন:

“সালামুন ‘আলাইকুম ওয়া রহমাতুল্লাহ ওয়া বারাকাতুহ (আপনাদের উপর শান্তি, আল্লাহর রহমত ও তাঁর বরকত বর্ষিত হোক)।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “(সে) ত্রিশটি সাওয়াব (পেলো)।” অতঃপর এক ব্যক্তি মাজলিস থেকে উঠে চলে যায় কিন্তু তিনি সালাম দেননি। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “সম্ভবত তিনি সালাম দিতে ভুলে গেছেন। যখন তোমাদের কেউ কোন মাজলিসে আসবে, সে যেন সালাম দেয়। অতঃপর তার বসতে মন চাইলে বসবে আর যদি চলে যায়, তবে সে যেন সালাম দিয়ে চলে যায়। কেননা প্রথম সালাম শেষ সালাম অপেক্ষা বেশি হক রাখে না।”[1]

## ফুটনোট

[1] আদাবুল মুফরাদ: ৯৮৬; নাসাঈ, ‘আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৩৬৮।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৮৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন